## মূল বইয়ের অতিরিক্ত অংশ

# পঞ্চম অধ্যায়: হিসাব

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** সুপর্ণা ট্রেডার্সের ২০১৯ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

জানু. ৫ রনীর নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ৯ কমিশন দেয়া হলো ৮০০ টাকা।
" ১২ কর্মচারীদের বেতন প্রদান ৩,০০০ টাকা।
" ১৬ রনীকে প্রদান ৫,০০০ টাকা।
" ২৩ সজলের নিকট পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ৩০ সজলের নিকট হতে প্রাপ্তি ১৩,০০০ টাকা।

ক. সুপর্ণা ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয় কত? ২
খ. সুপর্ণা ট্রেডার্সের দেনাদার ও পাওনাদারের মধ্যে পার্থক্যের পরিমাণ কত? ৪
গ. ৫-১৬ পর্যন্ত লেনদেনগুলোর হিসাবের শ্রেণি দেখাও। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** সুপর্ণা ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু.-৫ | পণ্য ক্রয় | ১৫,০০০ | |
| " ৯ | কমিশন | ৮০০ | |
| " ১২ | বেতন | ৩,০০০ | |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ১৮,৮০০ |

**উত্তর :** সুপর্ণা ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয় ১৮,৮০০ টাকা।

**খ** সুপর্না ট্রেডার্সের দেনাদার ও পাওনাদারের মধ্যে পার্থক্যের পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | দেনাদার : | | |
| জানু.-২৩ | সজল | ৩০,০০০ | |
| " ৩০ | বাদ : সজলের নিকট হতে প্রাপ্তি | (১৩,০০০) | |
| | **নিট দেনাদার** | | ১৭,০০০ |
| | পাওনাদার : | | |
| " ৫ | রনী | ১৫,০০০ | |
| " ১৬ | বাদ : রনীকে প্রদান | (৫,০০০) | |
| | **নিট পাওনাদার** | | ১০,০০০ |
| | দেনাদার ও পাওনাদারের মধ্যে পার্থক্য (১৭,০০০ – ১০,০০০) | | ৭,০০০ |

**উত্তর :** সুপর্না ট্রেডার্সের দেনাদার ও পাওনাদারের মধ্যে পার্থক্যের পরিমাণ ৭,০০০ টাকা।

**গ** সুপর্না ট্রেডার্সের ৫-১৬ পর্যন্ত লেনদেনগুলোর হিসাবের শ্রেণি দেখানো হলো :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০১৯ | | |
| জানু.-৫ | ক্রয় হিসাব | ব্যয় |
| | পাওনাদার (রনী) হিসাব | দায় |
| " ৯ | কমিশন হিসাব | ব্যয় |
| | নগদান হিসাব | সম্পদ |
| " ১২ | বেতন হিসাব | ব্যয় |
| | নগদান হিসাব | সম্পদ |
| " ১৬ | পাওনাদার (রনী) হিসাব | দায় |
| | নগদান হিসাব | সম্পদ |

**প্রশ্ন ▶২** ২০১৯ সালের জুন মাসে বাদলের ব্যবসায়ে লেনদেনগুলো নিম্নরূপ:

জুন ১ ব্যবসায়ে মূলধন আনায়ন ৫০,০০০ টাকা।
" ৫ জনির কাছ থেকে ১২,০০০ টাকার পণ্য ক্রয় করে নগদ ৮,০০০ টাকা প্রদান।
" ৯ ক্যাশবাক্স থেকে ৫০০ টাকার ২টি নোট হারিয়ে গেল।
" ১৮ কর্মচারীকে অগ্রিম মজুরি প্রদান ৪,০০০ টাকা।
" ২২ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৬,০০০ টাকা।
" ২৫ ভাড়া প্রাপ্তি ৩,০০০ টাকা।

ক. মালিকানা স্বত্ব হিসাবসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৫, ৯, ২২ ও ২৫ তারিখে লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. ১, ৫, ১৮ ও ২২ তারিখে লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবের ব্যাখ্যাসহ শ্রেণিবিভাগ দেখাও। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

**ক** মালিকানা স্বত্ব হিসাবসমূহ চিহ্নিত পূর্বক মোট পরিমাণ নির্ণয়:

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুন-১ | ব্যবসায়ে মূলধন আনয়ন | ৫০,০০০ | |
| " ২৫ | ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন | ৬,০০০ | |
| | **মালিকানা স্বত্ব হিসাবসমূহের পরিমাণ** | | ৫৬,০০০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব হিসাবের মোট পরিমাণ ৫৬,০০০ টাকা।

**খ** ৫, ৯, ২২ ও ২৫ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয়:

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুন-৫ | ক্রয় হিসাব | ডেবিট | ১২,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৮,০০০ |
| | পাওনাদার (জনি) হিসাব | ক্রেডিট | ৪,০০০ |
| " ৯ | বিবিধ ক্ষতি হিসাব | ডেবিট | ১,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১,০০০ |
| " ২২ | উত্তোলন হিসাব | ডেবিট | ৬,০০০ |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | ৬,০০০ |
| " ২৫ | নগদান হিসাব | ডেবিট | ৩,০০০ |
| | প্রাপ্ত ভাড়া হিসাব | ক্রেডিট | ৩,০০০ |

**গ** ১, ৫, ১৮ ও ২২ তারিখের লেনদেনগুলোর হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যাসহ নিম্নরূপ:

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি | ব্যাখ্যা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুন-১ | নগদান হিসাব | সম্পদ | সম্পদ বৃদ্ধি |
| | মূলধন হিসাব | মালিকানা স্বত্ব | মালিকানা স্বত্ব বৃদ্ধি |
| " ৫ | ক্রয় হিসাব | ব্যয় | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | সম্পদ | সম্পদ বৃদ্ধি |
| | পাওনাদার (জনি) হিসাব | দায় | দায় বৃদ্ধি |
| " ১৮ | অগ্রিম মজুরি হিসাব | সম্পদ | সম্পদ বৃদ্ধি |
| | নগদান হিসাব | সম্পদ | সম্পদ হ্রাস |
| " ২২ | উত্তোলন হিসাব | মালিকানা স্বত্ব | মালিকানা স্বত্ব হ্রাস |
| | ব্যাংক হিসাব | সম্পদ | সম্পদ হ্রাস |

**প্রশ্ন ▶৩** জনাব ফরিদ ২০১৯ সালের ১ জুন নগদ ২,৫০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকার যন্ত্রপাতি এবং ১,০০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন।

জুন ২ করিমের নিকট থেকে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
" ৫ আলিমের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ৭ ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
" ১০ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

" ১৭ পণ্য ক্রয় ৭,০০০ টাকা।
" ২০ তিশার নিকট থেকে পণ্য ক্রয় ৮,০০০ টাকা।
" ৩০ মালিক ব্যবসায় থেকে উত্তোলন করেন ৭,৫০০ টাকা।

ক. জনাব ফরিদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২, ৫, ২০ ও ৩০ তারিখের লেনদেনগুলোর সমীকরণ পদ্ধতিতে কারণসহ হিসাবের শ্রেণি বিশ্লেষণ করো। ৪
গ. ১, ৭, ১০ ও ১৭ তারিখের লেনদেনগুলোর ভিত্তিতে বিবরণী ছক প্রস্তুত করে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব ফরিদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুন ১ | নগদ | ২,৫০,০০০ | |
| | যন্ত্রপাতি | ১,৫০,০০০ | |
| | **প্রারম্ভিক মূলধন** | | ৪,০০,০০০ |

**উত্তর :** জনাব ফরিদের প্রারম্ভিক মূলধন ৪,০০,০০০ টাকা।

**খ** ২, ৫, ২০ ও ৩০ তারিখের লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ হিসাবের শ্রেণি নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাবখাত | হিসাবের শ্রেণি (সমীকরণ পদ্ধতি) | কারণ |
|---|---|---|---|
| ২০১৯ জুন-২ | ক্রয় হিসাব | ব্যয় | ব্যয় বৃদ্ধি |
| | পাওনাদার (করিম) হিসাব | দায় | দায় বৃদ্ধি |
| " ৫ | দেনাদার (আলিম) হিসাব | সম্পদ | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | আয় | আয় বৃদ্ধি |
| " ২০ | ক্রয় হিসাব | ব্যয় | ব্যয় বৃদ্ধি |
| | পাওনাদার (তিশা) হিসাব | দায় | দায় বৃদ্ধি |
| " ৩০ | উত্তোলন হিসাব | মালিকানা স্বত্ব | মালিকানা স্বত্ব হ্রাস |
| | নগদান হিসাব | সম্পদ | সম্পদ হ্রাস |

**গ** **জনাব ফরিদ**

২০১৯ সালের জুন মাসের ১, ৭, ১০ ও ১৭ তারিখের লেনদেনগুলোর ভিত্তিতে বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ | | = | দায় | + | মালিকানা স্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | যন্ত্রপাতি | = | ঋণ | | | |
| ২০১৯ জুন-১ | | ৩,৫০,০০০ | ১,৫০,০০০ | = | ১,০০,০০০ | + | ৪,০০,০০০ | মূলধন আনয়ন |
| | উদ্বৃত্ত | ৩,৫০,০০০ | ১,৫০,০০০ | = | ১,০০,০০০ | + | ৪,০০,০০০ | |
| " ৭ | | (১৫,০০০) | | = | | | (১৫,০০০) | ভাড়া খরচ |
| | উদ্বৃত্ত | ৩,৩৫,০০০ | ১,৫০,০০০ | = | ১,০০,০০০ | + | ৩,৮৫,০০০ | |
| " ১০ | | ২৫,০০০ | | = | | | ২৫,০০০ | বিক্রয় আয় |
| | উদ্বৃত্ত | ৩,৬০,০০০ | ১,৫০,০০০ | = | ১,০০,০০০ | + | ৪,১০,০০০ | |
| " ১৭ | | (৭,০০০) | | = | | | (৭,০০০) | ক্রয় খরচ |
| | উদ্বৃত্ত | ৩,৫৩,০০০ | ১,৫০,০০০ | = | ১,০০,০০০ | + | ৪,০৩,০০০ | |
| | মোট | ৫,০৩,০০০ | | = | ৫,০৩,০০০ | | | |

**উত্তর:** হিসাব সমীকরণের যোগফল ৫,০৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৪** রুবেল ট্রেডার্স-এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাব উদ্বৃত্তের পরিমাণ নিম্নরূপ:

| | | | |
|---|---|---|---|
| মূলধন | ২,৫০,০০০ | আসবাবপত্র | ৯০,০০০ |
| বন্ধকী ঋণ | ১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৬৫,০০০ |
| অগ্রিম ভাড়া | ২০,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| আয়কর | ১৫,০০০ | অনাদায়ী সুদ | ৫,০০০ |
| বকেয়া বেতন | ১২,০০০ | যন্ত্রপাতি | ১,২০,০০০ |
| জীবন বিমা প্রিমিয়াম | ৫,০০০ | ব্যাংক হিসাব | ৫৫,০০০ |
| প্রদেয় বিল | ৩০,০০০ | নগদান হিসাব | ২৫,০০০ |

| | | | |
|---|---|---|---|
| অগ্রিম প্রাপ্ত কমিশন | ৪,০০০ | সুনাম | ১৫,০০০ |
| অনুপার্জিত উপ-ভাড়া | ২,০০০ | ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন | ৮,৫০০ |
| বকেয়া মনিহারি | ৩,০০০ | | |

ক. উপর্যুক্ত তথ্য থেকে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. রুবেল ট্রেডার্স-এর সম্পদ হিসাব চিহ্নিত করে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. রুবেল ট্রেডার্স-এর মোট দায় হিসাবের পরিমাণ নির্ণয় করো। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

**ক** মোট উত্তোলনের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আয়কর | ১৫,০০০ | |
| জীবন বিমা প্রিমিয়াম | ৫,০০০ | |
| **মোট উত্তোলন** | | ২০,০০০ |

**উত্তর:** মোট উত্তোলন ২০,০০০ টাকা।

**খ** মোট সম্পদের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| অগ্রিম ভাড়া | ২০,০০০ | |
| আসবাবপত্র | ৯০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৬৫,০০০ | |
| অনাদায়ী সুদ | ৫,০০০ | |
| যন্ত্রপাতি | ১,২০,০০০ | |
| ব্যাংক হিসাব | ৫৫,০০০ | |
| নগদান হিসাব | ২৫,০০০ | |
| সুনাম | ১৫,০০০ | |
| **মোট সম্পদ** | | ৩,৯৫,০০০ |

**উত্তর:** মোট সম্পদ ৩,৯৫,০০০ টাকা।

**গ** মোট দায়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বন্ধকী ঋণ | ১,০০,০০০ | |
| বকেয়া বেতন | ১২,০০০ | |
| প্রদেয় বিল | ৩০,০০০ | |
| অগ্রিম প্রাপ্ত কমিশন | ৪,০০০ | |
| অনুপার্জিত উপভাড়া | ২,০০০ | |
| বকেয়া মনিহারি | ৩,০০০ | |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন | ৮,৫০০ | |
| **মোট দায়** | | ১,৯৯,৫০০ |

**উত্তর:** মোট দায় ১,৯৯,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ৫** নিচে মুন্নী এন্টারপ্রাইজের কতিপয় লেনদেন দেওয়া হলো :

i. ব্যবসায়ে মূলধন বাবদ নগদ আনা হলো ৫০,০০০ টাকা।
ii. জীবন বিমার প্রিমিয়াম প্রদত্ত হলো ২,০০০ টাকা।
iii. একটি আলমারি ক্রয় ১০,০০০ টাকা।
iv. বকেয়া ভাড়া পরিশোধ করা হলো ৫,০০০ টাকা।
v. একটি পুরাতন কম্পিউটার বিক্রয় ১৫,০০০ টাকা।
vi. কমিশন পাওয়া গেল ৩,০০০ টাকা।
vii. ঋণ পরিশোধ করা হলো ১৬,০০০ টাকা।
viii. মামুনের স্বীকৃতি বিলের অর্থ ব্যাংক কর্তৃক আদায় হলো ৭,০০০ টাকা।

ক. মুন্নী এন্টারপ্রাইজের মালিকানা স্বত্বের (E)-এর পরিমাণ নির্ণয় করো। ২

খ. i থেকে iv নং লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

গ. v থেকে viii নং ক্রমিকের লেনদেনগুলোর প্রতিটি হিসাবের শ্রেণিবিভাগ ছকের মাধ্যমে দেখাও। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

ক মালিকানা স্বত্বের (E) পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মূলধন | ৫০,০০০ | |
| যোগ : কমিশন প্রাপ্তি | ৩,০০০ | |
| | ৫৩,০০০ | |
| বাদ : জীবন বিমা প্রিমিয়াম প্রদান | (২,০০০) | |
| **মালিকানা স্বত্ব (E)** | | ৫১,০০০ |

**উত্তর :** মালিকানা স্বত্বের (E)পরিমাণ ৫১,০০০ টাকা।

খ i থেকে iv নং-এর লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| i. | নগদান হিসাব | ডেবিট | ৫০,০০০ |
| | মূলধন হিসাব | ক্রেডিট | ৫০,০০০ |
| ii. | উত্তোলন হিসাব | ডেবিট | ২,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ২,০০০ |
| iii. | আসবাবপত্র হিসাব | ডেবিট | ১০,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ১০,০০০ |
| iv. | বকেয়া ভাড়া হিসাব | ডেবিট | ৫,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৫,০০০ |

গ v থেকে viii নং লেনদেনগুলোর হিসাবের শ্রেণিবিভাগ ছকের মাধ্যমে দেখানো হলো :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| v. | নগদান হিসাব | সম্পদ |
| | অফিস সরঞ্জাম হিসাব | সম্পদ |
| vi. | নগদান হিসাব | সম্পদ |
| | প্রাপ্ত কমিশন হিসাব | আয় |
| vii. | ঋণ হিসাব | দায় |
| | নগদান হিসাব | সম্পদ |
| viii. | ব্যাংক হিসাব | সম্পদ |
| | প্রাপ্য বিল হিসাব | সম্পদ |

প্রশ্ন ▶৬ জনাব শাহীনের ব্যবসায় প্রতিষ্ঠানে ২০১৯ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ হয়েছিল —

১. বাকিতে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
২. জামালের নিকট বিক্রয় ১৮,০০০ টাকা।
৩. ব্যাংকে জমা দান ৫,০০০ টাকা।
৪. কর্মচারীকে বেতন প্রদান ৩,০০০ টাকা।

ক. চতুর্থ লেনদেনটি প্রতিষ্ঠানের মালিকানা স্বত্বের (E) ওপর কী পরিবর্তন আনবে? ২
খ. প্রতি লেনদেনের সহিত সংশ্লিষ্ট ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত করো। ৪
গ. লেনদেন সংশ্লিষ্ট হিসাবসমূহ কোন শ্রেণির হিসাবের অন্তর্ভুক্ত তা ছক আকারে উপস্থাপন করো। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

ক চতুর্থ লেনদেনটির ফলে প্রতিষ্ঠানের মালিকানা স্বত্বের (E) পরিবর্তন নিচে দেখানো হলো–

| A | = | L | + | E | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| নগদ | = | পাওনাদার | + | মালিকানা স্বত্ব | খরচ |
| (৩,০০০) | | | + | (৩,০০০) | |

**উত্তর:** চতুর্থ লেনদেনটির ফলে মালিকানা স্বত্ব (E) ৩,০০০ টাকা হ্রাস পাবে।

খ প্রতিটি লেনদেনের সহিত সংশ্লিষ্ট ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত করা হলো :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ১. | ক্রয় হিসাব | ডেবিট | ১০,০০০ |
| | বিবিধ পাওনাদার হিসাব | ক্রেডিট | ১০,০০০ |

| ক্রমিক নং | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট/ক্রেডিট | টাকা |
|---|---|---|---|
| ২. | দেনাদার (জামাল) হিসাব | ডেবিট | ১৮,০০০ |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | ১৮,০০০ |
| ৩. | ব্যাংক হিসাব | ডেবিট | ৫,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৫,০০০ |
| ৪. | বেতন হিসাব | ডেবিট | ৩,০০০ |
| | নগদান হিসাব | ক্রেডিট | ৩,০০০ |

**গ** লেনদেন সংশ্লিষ্ট হিসাবসমূহ কোন শ্রেণির হিসাব তা ছক আকারে নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণিবিভাগ |
|---|---|---|
| ১. | ক্রয় হিসাব | ব্যয় |
| | পাওনাদার হিসাব | দায় |
| ২. | দেনাদার (জামাল) হিসাব | সম্পদ |
| | বিক্রয় হিসাব | আয় |
| ৩. | ব্যাংক হিসাব | সম্পদ |
| | নগদান হিসাব | সম্পদ |
| ৪. | বেতন হিসাব | ব্যয় |
| | নগদান হিসাব | সম্পদ |

**প্রশ্ন ▶ ৭** আলিফ হাওলাদার ব্যবসায়ের যাবতীয় লেনদেন দুতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী হিসাবভুক্ত করেন। ২০১৯ সালের জানুয়ারি মাসে ব্যবসায়ের লেনদেন ছিল নিম্নরূপ:

১. বাকিতে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
২. ক্রয় ১৮,০০০ টাকা।
৩. ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ৫,০০০ টাকা।
৪. ভাড়া বকেয়া ৩,০০০ টাকা।
৫. ৭,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হলো।

ক. আলিফ হাওলাদারের মালিকানা স্বত্ব হ্রাসের পরিমাণ কত? ২
খ. উক্ত লেনদেনগুলোর দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যাসহ ছকের সাহায্যে দেখাও। ৪
গ. উদ্দীপকের লেনদেন দ্বারা কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**৭ নং প্রশ্নের সমাধান**

**ক** মালিকানা স্বত্ব হ্রাসের পরিমাণ নির্ণয় :

| ক্রমিক নং | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২. | ক্রয় করা হলো | ১৮,০০০ | |
| ৩. | মালিক কর্তৃক নগদ উত্তোলন | ৫,০০০ | |
| ৪. | ভাড়া (বকেয়া) | ৩,০০০ | |
| | **মালিকানা স্বত্ব হ্রাস** | | ২৬,০০০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব হ্রাসের পরিমাণ ২৬,০০০ টাকা।

**খ** হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যাসহ নির্ণয় :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি | ব্যাখ্যা |
|---|---|---|---|
| ১. | দেনাদার হিসাব | সম্পদ | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় | আয় | আয় বৃদ্ধি |
| ২. | ক্রয় হিসাব | ব্যয় | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | সম্পদ | সম্পদ হ্রাস |
| ৩. | উত্তোলন হিসাব | মালিকানা স্বত্ব | মালিকানা স্বত্ব হ্রাস |
| | নগদান হিসাব | সম্পদ | সম্পদ হ্রাস |
| ৪. | ভাড়া হিসাব | ব্যয় | ব্যয় বৃদ্ধি |
| | বকেয়া ভাড়া হিসাব | দায় | দায় বৃদ্ধি |

**গ** কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় :

| ক্রমিক নং | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট | ক্রেডিট | কারণ |
|---|---|---|---|---|
| ১. | দেনাদার হিসাব | ডেবিট | | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | | ক্রেডিট | আয় বৃদ্ধি |
| ২. | ক্রয় হিসাব | ডেবিট | | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | | ক্রেডিট | সম্পদ হ্রাস |
| ৩. | উত্তোলন হিসাব | ডেবিট | | মালিকানা স্বত্ব হ্রাস |
| | নগদান হিসাব | | ক্রেডিট | সম্পদ হ্রাস |
| ৪. | ভাড়া হিসাব | ডেবিট | | ব্যয় বৃদ্ধি |
| | বকেয়া ভাড়া হিসাব | | ক্রেডিট | দায় বৃদ্ধি |

**প্রশ্ন ▶৮** জনাব নুহাদ একটি ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের মালিক। ২০১৯ সালের জুন মাসে ব্যবসায়ে তার নিম্নলিখিত লেনদেন সংঘটিত হয়:

জুন ১ মূলধন আনয়ন ২,০০,০০০ টাকা।
" ১০ রনির নিকট হতে ২০,০০০ টাকার পণ্য ক্রয় করে ১৬,০০০ টাকার চেক প্রদান করা হলো।
" ২০ মনিহারি বাবদ খরচ হলো ১,০০০ টাকা।
" ২৮ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ৩০ দোকানের সাইনবোর্ড লাগানোর জন্য অর্ডার দেওয়া হলো ৪,০০০ টাকা।

ক. জনাব নুহাদ-এর ব্যবসায়ে ব্যয় হিসাবের মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. উক্ত লেনদেনগুলো ব্যাখ্যাসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. উক্ত লেনদেনগুলোর দ্বারা হিসাব সমীকরণের পরিবর্তনের পরিমাণ ছকের সাহায্যে দেখাও। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

**ক** জনাব নুহাদ-এর ব্যবসায়ে ব্যয় হিসাবের মোট পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুন ১০ | পণ্য ক্রয় করা হলো | ২০,০০০ | |
| " ২০ | মনিহারি বাবদ খরচ | ১,০০০ | |
| | **মোট ব্যয়** | | ২১,০০০ |

**উত্তর :** মোট ব্যয় ২১,০০০ টাকা।

**খ** লেনদেনগুলো ব্যাখ্যাসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | ডেবিট | ক্রেডিট | ব্যাখ্যা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| জুন ১ | নগদান হিসাব | ডেবিট | | সম্পদ বৃদ্ধি |
| | মূলধন হিসাব | | ক্রেডিট | মালিকানা স্বত্ব বৃদ্ধি |
| " ১০ | ক্রয় হিসাব | ডেবিট | | ব্যয় বৃদ্ধি |
| | ব্যাংক হিসাব | | ক্রেডিট | সম্পদ হ্রাস |
| | পাওনাদার হিসাব | | ক্রেডিট | দায় বৃদ্ধি |
| " ২০ | মনিহারি হিসাব | ডেবিট | | ব্যয় বৃদ্ধি |
| | নগদান হিসাব | | ক্রেডিট | সম্পদ হ্রাস |
| " ২৮ | ব্যাংক হিসাব | ডেবিট | | সম্পদ বৃদ্ধি |
| | বিক্রয় হিসাব | | ক্রেডিট | আয় বৃদ্ধি |

**গ** **জনাব নুহাদ**

উক্ত লেনদেনগুলোর সাহায্যে হিসাব সমীকরণের পরিবর্তনের পরিমাণ ছকের সাহায্যে দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ | | = | দায় | + | মালিকানা স্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | | পাওনাদার | | | |
| ২০১৯ জুন ১ | | ২,০০,০০০ | | = | | + | ২,০০,০০০ | মূলধন আনয়ন |
| | উদ্বৃত্ত | ২,০০,০০০ | | = | | + | ২,০০,০০০ | |
| " ১০ | | | (১৬,০০০) | = | ৪,০০০ | | (২০,০০০) | খরচ |
| | উদ্বৃত্ত | ২,০০,০০০ | (১৬,০০০) | = | ৪,০০০ | + | ১,৮০,০০০ | |
| " ২০ | | (১,০০০) | | = | | | (১,০০০) | খরচ |

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ | | = | দায় | + | মালিকানা স্বত্ব | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | | পাওনাদার | | | |
| | উদ্বৃত্ত | ১,৯৯,০০০ | (১৬,০০০) | = | ৪,০০০ | + | ১,৭৯,০০০ | |
| " ২৮ | | | ১০,০০০ | = | | | ১০,০০০ | আয় |
| | উদ্বৃত্ত | ১,৯৯,০০০ | (৬,০০০) | = | ৪,০০০ | + | ১,৮৯,০০০ | |
| | মোট | ১,৯৩,০০০ | | = | ১,৯৩,০০০ | | | |

**উত্তর :** যোগফল ১,৯৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶৯** জনাব অরূপ রতন একজন খুচরা ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানের ২০১৯ সালের আগস্ট মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে—

আগস্ট ১ ঋণ গ্রহণ ২০,০০০ টাকা।
" ৩ পণ্য নগদে ক্রয় ১৫,০০০ টাকা।
" ৫ হাবিবের নিকট নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৫ প্রতিষ্ঠানের জন্য ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে সম্পদ বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ২
খ. প্রতিটি লেনদেনের সংশ্লিষ্ট হিসাব ও হিসাবের শ্রেণি উল্লেখ করো। ৪
গ. 'সম্পদ বৃদ্ধি ও রেভিনিউ বৃদ্ধি'; 'সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি'; 'সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি' এবং 'সম্পদ বৃদ্ধি ও সম্পদ হ্রাস'—এই চারটি অবস্থার সহিত উপরিউক্ত চারটি লেনদেনের মিলকরণ করো। ৪

**৯ নং প্রশ্নের সমাধান**

**ক** সম্পদ বৃদ্ধির পরিমাণ নিরূপণ:

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| আগস্ট ১ | ঋণ গ্রহণ | ২০,০০০ | |
| " ৫ | হাবিবের নিকট নগদে বিক্রয় | ২৫,০০০ | |
| | মোট | | ৪৫,০০০ |

**উত্তর :** সম্পদ বৃদ্ধির পরিমাণ ৪৫,০০০ টাকা।

**খ** প্রতিটি লেনদেনের সহিত সংশ্লিষ্ট হিসাব ও হিসাবের শ্রেণি উল্লেখ করা হলো :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০১৯ | নগদান হিসাব | সম্পদ |
| আগস্ট ১ | ঋণ হিসাব | দায় |
| " ৩ | ক্রয় হিসাব | ব্যয় |
| | নগদান হিসাব | সম্পদ |
| " ৫ | নগদান হিসাব | সম্পদ |
| | বিক্রয় হিসাব | আয় |
| " ১৫ | নগদান হিসাব | সম্পদ |
| | ব্যাংক হিসাব | সম্পদ |

**গ** প্রদত্ত চারটি অবস্থার সাথে উপরিউক্ত চারটি লেনদেনের মিলকরণ ছকের মাধ্যমে উপস্থাপন করা হলো :

| প্রদত্ত শর্ত | তারিখ | মিলকরণ লেনদেন |
|---|---|---|
| | ২০১৯ | |
| সম্পদ বৃদ্ধি ও রেভিনিউ বৃদ্ধি | আগস্ট-৫ | হাবিবের নিকট নগদে বিক্রয় ২৫,০০০ টাকা। |
| সম্পদ হ্রাস ও ব্যয় বৃদ্ধি | আগস্ট-৩ | পণ্য নগদে ক্রয় ১৫,০০০ টাকা। |
| সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি | আগস্ট-১ | ঋণ গ্রহণ ২০,০০০ টাকা |
| সম্পদ বৃদ্ধি ও সম্পদ হ্রাস | আগস্ট-১৫ | প্রতিষ্ঠানের জন্য ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা। |

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶১০** জনাব মহসিন-এর ব্যবসায় প্রতিষ্ঠানে ২০১৯ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ হয়েছিল—

১. মালিক কর্তৃক ব্যবসায়ের আসবাবপত্র আনয়ন ৫,০০০ টাকা।
২. রফিকের কাছ থেকে পণ্য ক্রয় ৭,০০০ টাকা।
৩. বাকিতে পণ্য বিক্রয় ৯,০০০ টাকা।

৪. বাকিতে বিক্রীত পণ্য ফেরত পাওয়া গেল ২,০০০ টাকা।
৫. ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ২,০০০ টাকা।
৬. রমজানের কাছ থেকে ঋণ গ্রহণ ৬,০০০ টাকা।
৭. রফিককে পরিশোধ ৩,০০০ টাকা।

ক. জনাব মহসিনের পাওনাদার হিসাবের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব মহসিনের ১, ৩, ৬, ৭ নং ক্রমিকের লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. জানুয়ারি মাসে ২, ৪, ৫, ৭ নং ক্রমিকের লেনদেনগুলোর দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ছকের সাহায্যে দেখাও। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** পাওনাদার হিসাবের পরিমাণ ৪,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** জনাব শাওন ২০১৯ সালে ১ জুন তারিখে নগদ ২,৫০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করেন।

| | | |
|---|---|---|
| জুন | ৩ | ৫% বাট্টায় ফাহিমের কাছ থেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। |
| ” | ৫ | চেয়ার ক্রয় ১৫,০০০ টাকা। |
| ” | ৮ | ধারে বিক্রয় ২০,০০০ টাকা। কারবারি বাট্টা ৫%। |
| ” | ১৫ | কারবার থেকে উত্তোলন ৫,০০০ টাকা। |

ক. মালিকানাস্বত্বকে হ্রাস করে এমন লেনদেনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জুন ১ তারিখ ব্যতীত লেনদেন দ্বারা হিসাবের শ্রেণিবিন্যাস দেখাও। ৪
গ. উদ্দীপকের আলোকে প্রমাণ করো যে, 'সম্পদ = দায় + মালিকানা স্বত্ব'। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** মালিকানা স্বত্বকে হ্রাস করে এমন লেনদেনের পরিমাণ ৩৩,৫০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ২,৮৯,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১২** জনাব মাসুদ ২০১৯ সালের জুন মাসে ফটোকপির ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়:

| | | |
|---|---|---|
| জুন | ১ | নগদ ১,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকার ফটোকপি মেশিন এবং ৫০,০০০ টাকার কম্পিউটার নিয়ে ব্যবসায় শুরু। |
| ” | ৫ | দেয়াল ঘড়ি ক্রয় ২,০০০ টাকা। |
| ” | ৮ | সোহাগ স্টোর থেকে কাগজ ক্রয় ১৫,০০০ টাকা। |
| ” | ১২ | স্টেশনারি সামগ্রী বিক্রয় ২,৫০০ টাকা। |
| ” | ১৫ | কম্পিউটার বিক্রয় ৩২,০০০ টাকা। |
| ” | ২৮ | কর্মচারীর বেতন প্রদান ৪,৫০০ টাকা। |

ক. মাস শেষে জনাব মাসুদের মোট অফিস সরঞ্জামের পরিমাণ নির্ণয় করো। ২
খ. লেনদেনগুলো আধুনিক পদ্ধতিতে শ্রেণিবিন্যাস করো। ৪
গ. জনাব মাসুদের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মোট অফিস সরঞ্জাম ২,১৮,০০০ টাকা। **গ.** মালিকানা স্বত্ব ৩,৩৩,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৩** মি. শৈবাল একজন সফল ব্যবসায়ী। জানুয়ারি ২০১৯ সালে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাসমূহ সংঘটিত হয় :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | তিনি ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| ” | ৩ | পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা। |
| ” | ৪ | ধারে যন্ত্রপাতি ক্রয় ২৪,০০০ টাকা। |
| ” | ৬ | ধারে পণ্য ক্রয় ৪,০০০ টাকা। |
| ” | ১৩ | ব্যবসায় থেকে উত্তোলন ১০,০০০ টাকা। |
| ” | ২২ | বিজ্ঞাপন খরচ ১,২০০ টাকা। |
| ,, | ২৪ | ধারে ক্রয়কৃত যন্ত্রপাতির মূল্য পরিশোধ ১১,০০০ টাকা। |
| ,, | ২৮ | সঞ্চয়পত্রের সুদ পাওয়া গেল ১,০০০ টাকা। |

ক. যন্ত্রপাতির অপরিশোধিত মূল্য কত? ২
খ. মি. শৈবালের ৬, ১৩, ২৪ ও ২৮ তারিখের লেনদেনের কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা মি. সৈবালের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় করো। ৪

**সুপার টিপ্স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** অপরিশোধিত যন্ত্রপাতির মূল্য ১৩,০০০ টাকা। **গ.** স্বত্বাধিকারের পরিমাণ ৫০,৮০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৪** জনাব সৌরভ মিত্রের কম্পিউটার ক্রয়-বিক্রয়কারী ব্যবসায় প্রতিষ্ঠানের মে মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

২০১৯

মে ২ কম্পিউটার বিক্রয় করে চেক প্রাপ্তি ১৯,৫০০ টাকা।
" ৮ কম্পিউটার ক্রয়ের অর্ডার প্রেরণ করা হলো ৭৫,০০০ টাকা।
" ১৯ ম্যানেজার মাহবুবকে বেতন প্রদান ১৮,০০০ টাকা।
" ২৪ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৮,৫০০ টাকা।
" ২৮ মানিকের নিকট থেকে কমিশন পাওয়া গেল ৫,৯০০ টাকা।
" ৩১ ৪৫,০০০ টাকার কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত হলো।

ক. জনাব সৌরভ মিত্রের ব্যবসায়ে মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? নির্ণয় করো। ২
খ. ঘটনাগুলো লেনদেন কি না তা কারণসহ উল্লেখ করো। ৪
গ. লেনদেনের সংশ্লিষ্ট হিসাবগুলোর শ্রেণিবিন্যাস করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ ২৫,৪০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** মি. মাজু ২০১৯ সালের ১ জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা দিয়ে ফার্নিচারের ব্যবসায় শুরু করেন। জানুয়ারি মাসে তাঁর ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেন সম্পাদিত হয়েছিল :

জানু. ৫ রূপালী ব্যাংকে জমা দেয়া হলো ২০,০০০ টাকা।
" ১০ নিটোল কোম্পানিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়া হলো ২০,০০০ টাকা।
" ১৫ কালামের কাছ থেকে কাঠ ক্রয় ৩০,০০০ টাকা।
" ২০ পিকুর নিকট নগদে ৫টি চেয়ার বিক্রয় ৬,০০০ টাকা।
" ২৫ কর্মচারীদের বেতন প্রদান ৫,০০০ টাকা।

ক. মি. মাজুর মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো হিসাব সমীকরণের উপাদানে কীরূপ পরিবর্তন ঘটাবে তা দেখাও। ৪
গ. মি. মাজু-এর ব্যবসায় প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৩৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৬** নিম্নে বিথী এন্টারপ্রাইজের কতিপয় লেনদেন দেওয়া হলো:

i. ব্যবসায়ে মূলধন বাবদ আনা হলো ৪১,০০০ টাকা।
ii. বকেয়া ভাড়া পরিশোধ করা হলো ২,০০০ টাকা।
iii. ঋণ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
iv. জীবন বিমা প্রিমিয়াম প্রদান ২,০০০ টাকা।
v. একটি আলমারি ক্রয় ৫,০০০ টাকা।
vi. একটি কম্পিউটার বিক্রয় ১৫,০০০ টাকা।
vii. কমিশন পাওয়া গেল ৮,০০০ টাকা।
viii. বিথী স্বীকৃত বিলের অর্থ ব্যাংক কর্তৃক আদায় হলো ৭,০০০ টাকা।

ক. বিথী এন্টারপ্রাইজের মালিকানা স্বত্ব (E) নির্ণয় করো। ২
খ. (i) থেকে (iv) নং ক্রমিক লেনদেনের ডেটর ও ক্রেডিটর নির্ণয় করো। ৪
গ. (v) থেকে (viii) নং ক্রমিকের লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিভাগ ছকের মাধ্যমে দেখাও। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** মালিকানা স্বত্বের (E) পরিমাণ ৪৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৭** তমিজউদ্দীন 'ম্যাপ কপিয়ার' নামে ফটোকপির ব্যবসা করেন। তার লেনদেনগুলো নিম্নে দেখানো হলো :

২০১৯

জুলাই ১ ব্যবসায়ে ১,০০,০০০ টাকা আনেন।
" ৫ নিজ ফান্ড হতে একটি ফটোকপি মেশিন ক্রয় করেন ২,০০,০০০ টাকা এবং তা স্থাপনের জন্য একটি টেবিল ক্রয় করা হয় ৫,০০০ টাকা।

” ১০ দোকানের জন্য ওয়ালমেট ক্রয় ১,০০০ টাকা।
” ১৫ কাগজ ক্রয় ১০,০০০ টাকা।
” ২০ স্টেশনারি সামগ্রী বিক্রয় ১,০০০ টাকা।
” ২৫ কম্পিউটার ক্রয় ৩০,০০০ টাকা।
” ৩০ মাসান্তে কর্মচারীকে কাজের বিনিময়ে ৫,০০০ টাকা প্রদান করা হলো।

ক. মাসান্তে ম্যাপ কপিয়ার-এর অফিস সরঞ্জামের পরিমাণ কত? ২
খ. লেনদেনের সাথে সংশ্লিষ্ট হিসাবখাতগুলোকে শ্রেণিবিন্যাস করো। ৪
গ. তমিজউদ্দীনের স্বত্বাধিকারের পরিমাণ নিরূপণ করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** মাসান্তে অফিস সরঞ্জামের পরিমাণ ২,৩৫,০০০ টাকা। **গ.** ২,৯০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৮** হাজী মোঃ তালুকদার ২০১৯ সালের ৫ জুলাই নগদ ২,০০,০০০ টাকা, ব্যাংক তহবিল ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা ঋণ নিয়ে কাপড়ের ব্যবসায় আরম্ভ করলেন উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো ঘটে **:**

২০১৯
জুলাই ১৫ ৫০,০০০ টাকার ধারে কাপড় ক্রয়ের প্রস্তাব দিলেন।
” ২৫ ৫,০০০ টাকার কাপড় তার বাসায় ব্যবহারের জন্য নিলেন।
” ৩০ বিগত বছরের জন্য আয়কর নির্ধারণ করা হলো ৫,০০০ টাকা।

ক. হাজী মোঃ তালুকদারের E উপাদানের পরিমাণ কত? ২
খ. লেনদেনগুলোর সাথে সংশ্লিষ্ট হিসাবগুলোর শ্রেণিবিভাগ দেখাও। ৪
গ. প্রযোজ্য ক্ষেত্রে ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** নিট মূলধনের পরিমাণ ২,৯৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৯** মি. মাজু ২০১৯ সালের ১ জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা দিয়ে ফার্নিচারের ব্যবসায় শুরু করেন। জানুয়ারি মাসে তাঁর ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেন সম্পাদিত হয়েছিল **:**

জানু. ৫ রূপালী ব্যাংকে জমা দেওয়া হলো ২০,০০০ টাকা।
” ১০ নিটোল কোম্পানিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেওয়া হলো ২০,০০০ টাকা।
” ১৫ কালামের কাছ থেকে কাঠ ক্রয় ৩০,০০০ টাকা।
” ২০ পিকুর নিকট নগদে ৫টি চেয়ার বিক্রয় ৬,০০০ টাকা।
” ২৫ ইউনিভার্সিটি ক্লাবে ৫,০০০ টাকা চাঁদা দেওয়া হলো।

ক. মি. মাজুর মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো হিসাব সমীকরণের উপাদানে কীরূপ পরিবর্তন ঘটাবে তা দেখাও। ৪
গ. মি. মাজু-এর ব্যবসায় প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** ৩৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ২০** জনাব আদরের ব্যবসায়ে জানুয়ারি মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হয়েছিল **:**

২০১৯
জানু. ১ ২৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করল।
” ৫ বাকিতে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
” ৭ বাকিতে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা।
” ১০ আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা।
” ১৫ দোকান ভাড়া পরিশোধ করা হলো ২,০০০ টাকা।
” ২৫ কর্মচারী পলাশের বেতন প্রদান ১,০০০ টাকা।

ক. জনাব আদরের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. প্রতিটি লেনদেনের সংশ্লিষ্ট হিসাব ও হিসাবের শ্রেণি উল্লেখ করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** মুনাফা জাতীয় ব্যয় ৭,০০০ টাকা।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. হিসাবের ডেবিট ও ক্রেডিট দিকের পার্থক্যকে কী বলে?**
ⓚ উদ্বৃত্ত ⓚ দায়
ⓖ ব্যয় ⓖ আয়

**২. কোনটি মালিকানা স্বত্ব হ্রাস করে?**
ⓚ আয় ⓚ দায়
ⓖ আয়কর ⓖ অতিরিক্ত মূলধন

**৩. দায় হিসাব হলো—**
i. অগ্রিম উপভাড়া
ii. অগ্রিম শিক্ষানবিশ সেলামি
iii. অগ্রিম ভাড়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব মঞ্জু ১ মার্চ ২০১৮ তারিখে ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। সঞ্জুর কাছে বিক্রয়কৃত ১০,০০০ টাকার পণ্যের মধ্যে ৩,০০০ টাকার পণ্য ফেরত এসেছে। তিনি ব্যক্তিগতভাবে একটি স্কুলে ২,০০০ টাকা অনুদান দিলেন।

**৪. স্কুলে ২,০০০ টাকা অনুদান দেওয়ায় ব্যবসায়ের কী পরিবর্তন হবে?**
ⓚ সম্পদ কমবে
ⓚ মূলধন কমবে
ⓖ সুনাম বাড়বে
ⓖ আর্থিক অবস্থা অপরিবর্তিত থাকবে

**৫. সঞ্জুর কাছ থেকে বিক্রয়কৃত পণ্য ফেরত আসায়—**
i. ডেবিট নোট ব্যবহৃত হবে
ii. ক্রেডিট নোট ব্যবহৃত হবে
iii. মোট দেনাদার হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬. প্রাপ্য কমিশন কোন জাতীয় হিসাব?**
ⓚ আয় ⓚ ব্যয়
ⓖ সম্পদ ⓖ দায়

**৭. হিসাব কী?**
ⓚ একটি গ্রাফ
ⓚ একটি ছক
ⓖ লিপিবদ্ধকরণ পদ্ধতি
ⓖ হিসাবচক্রের ধাপ

**৮. যেকোনো ধরনের খরচ চেকে প্রদান করা হলে ক্রেডিট করতে হয় কোন হিসাবকে?**
ⓚ নগদান হিসাবকে ⓚ চেক হিসাবকে
ⓖ ব্যাংক হিসাবকে ⓖ খরচ হিসাবকে

**৯. উপভাড়া কোন জাতীয় জের নির্দেশ করে?**
ⓚ ডেবিট জের ⓚ ক্রেডিট জের
ⓖ আয় জের ⓖ ব্যয় জের

**১০. বিলম্বিত বিজ্ঞাপন কোন প্রকার হিসাব?**
ⓚ আয় ⓚ ব্যয়
ⓖ দায় ⓖ সম্পদ

**১১. মালিকানা স্বত্বের পরিমাণ বৃদ্ধি পাবে—**
i. পণ্য বিক্রয় ১০,০০০ টাকা
ii. ৮,০০০ টাকার আসবাবপত্র ক্রয়
iii. প্রাপ্ত কমিশন ৫,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২. কোনটি অন্য তিনটি হতে ভিন্ন?**
ⓚ শিক্ষানবিশ ভাতা
ⓚ শিক্ষানবিশ সেলামি
ⓖ বিমা সেলামি
ⓖ খাজনা ও কর

**১৩. পাওনাদারকে পরিশোধের সময় যে টাকা কম দেওয়া হয় তার জন্য ডেবিট হয় কোন হিসাব?**
ⓚ পাওনাদার হিসাব ⓚ প্রাপ্ত বাট্টা হিসাব
ⓖ নগদান হিসাব ⓖ ব্যাংক হিসাব

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
একক মালিকানাধীন ঐশীর ব্যবসায়ে ভূমি ৩,০০,০০০ টাকা, ব্যাংক উদ্বৃত্ত ১৫,০০০ টাকা, বিবিধ পাওনাদার ২৫,০০০ টাকা, মজুদ পণ্য ২০,০০০ টাকা।

**১৪. ঐশীর ব্যবসায়ে মূলধনের পরিমাণ কত হবে?**
ⓚ ২,৪০,০০০ টাকা ⓚ ২,৭০,০০০ টাকা
ⓖ ৩,০০,০০০ টাকা ⓖ ৩,১০,০০০ টাকা

**১৫. ঐশীর ব্যবসায়ের সম্পদের পরিমাণ কত?**
ⓚ ৩,৩৫,০০০ টাকা ⓚ ৩,০০,০০০ টাকা
ⓖ ২,৭৫,০০০ টাকা ⓖ ৩৫,০০০ টাকা

**১৬. সংশ্লিষ্ট পক্ষকে ব্যবসায়ের আর্থিক অবস্থা সম্পর্কে অবগত করতে কয়টি হিসাব প্রস্তুত করা হয়?**
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓖ ৫টি

**১৭. বাংলাদেশ ব্যাংক হিসাব কোন শ্রেণির হিসাব?**
ⓚ সম্পদ বা দায় ⓚ আয় বা ব্যয়
ⓖ নামিক ⓖ মালিকানা স্বত্ব

**১৮. জনাব বেলাল ২০ হাজার টাকার চেক জনাব আলমকে প্রদান করেছেন। হিসাবটি কোথায় অন্তর্ভুক্ত হবে?**
ⓚ নগদান হিসাবে
ⓚ ব্যাংক হিসাবে
ⓖ প্রাপ্য বিল হিসাবে
ⓖ প্রদেয় বিল হিসাবে

**১৯. বাকিতে কলকব্জা ক্রয়ের ফলাফল কোনটি?**
ⓚ সম্পদ বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি
ⓚ সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি
ⓖ ব্যয় বৃদ্ধি ও দায় বৃদ্ধি
ⓖ দায় বৃদ্ধি ও স্বত্বাধিকার বৃদ্ধি

**২০. সম্পদের সাথে দায়ের সম্পর্ক কীরূপ?**
ⓚ পরিপূরক ⓚ সমধর্মী
ⓖ বিপরীত ⓖ সম্পূরক

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
মিস. শায়লা ২০১৬ সালের মোট ক্রয় ৫২,০০০ টাকা। তিনি নিজ প্রয়োজনে ৩,০০০ টাকার পণ্য উত্তোলন করেন এবং বিভিন্ন কারণে ৫,০০০ টাকা পণ্য ফেরত দেন।

**২১. মিস. শায়লার নিট ক্রয়ের পরিমাণ কত?**
ⓚ ৪২,০০০ টাকা ⓚ ৩৭,০০০ টাকা
ⓖ ৪৪,০০০ টাকা ⓖ ৪৫,০০০ টাকা

**২২. নিজ প্রয়োজনে পণ্য উত্তোলনের জন্য মিস. শায়লার আর্থিক অবস্থার কী পরিবর্তন হয়েছে?**
ⓚ মূলধন বৃদ্ধি পেয়েছে ৫,০০০ টাকা
ⓚ মূলধন হ্রাস-বৃদ্ধি পেয়েছে ৩,০০০ টাকা
ⓖ ব্যয় বৃদ্ধি পেয়েছে ৫,০০০ টাকা
ⓖ ব্যয় বৃদ্ধি পেয়েছে ৩,০০০ টাকা

**২৩. হিসাব সমীকরণ অনুযায়ী মালিকের মূলধন বৃদ্ধি পায় ব্যবসায়ের—**
i. সম্পত্তি বাড়লে
ii. দায় কমলে
iii. আয় বাড়লে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪. 'PBX' একটি আর্থিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি জনাব রতনকে ২ লক্ষ টাকা ঋণ দিল। এতে ডেবিট হবে কোনটি?**
ⓚ রতন হিসাব ⓚ প্রদত্ত ঋণ হিসাব
ⓖ ব্যাংক হিসাব ⓖ প্রদেয় বিল হিসাব

**২৫. কোন লেনদেনের জন্য আলাদা হিসাব খোলা হয়?**
ⓚ পণ্য হিসাব ⓚ মাল হিসাব
ⓖ চেক হিসাব ⓖ ক্রয় হিসাব

**২৬. মুমিনের নিকট পাওনা ৫,০০০ টাকা অনাদায়ী হলো। এ লেনদেনে হিসাব খাত দুটি কী কী?**
ⓚ দেনাদার হিসাব ও কুঋণ হিসাব
ⓚ পাওনাদার হিসাব ও কুঋণ হিসাব
ⓖ দেনাদার হিসাব (মুমিন) ও কুঋণ সঞ্চিতি হিসাব
ⓖ দেনাদার হিসাব ও মুমিন হিসাব

**২৭. সঞ্চিতি কোন ধরনের হিসাব?**
ⓚ সম্পদ হিসাব
ⓚ দায় হিসাব
ⓖ ব্যয় হিসাব
ⓖ মালিকানা স্বত্ব হিসাব

**২৮. অগ্রিম আয় হিসাব হলো—**
i. অগ্রিম উপভাড়া
ii. অগ্রিম শিক্ষানবিশ সেলামি
iii. অগ্রিম ভাড়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৯. ব্যাংক থেকে ঋণ নিলে প্রতিষ্ঠানের কোনটি বৃদ্ধি পায়?**
ⓚ আয় ⓚ ব্যয়
ⓖ দায় ⓖ মালিকানা স্বত্ব

**৩০. প্রতিষ্ঠানের প্রতিটি খাতে ক্রমাগত পরিবর্তন ও নিট পরিমাণ জানার জন্য কোনটি প্রস্তুত করা হয়?**
ⓚ হিসাব ⓚ জাবেদা
ⓖ খতিয়ান ⓖ রেওয়ামিল

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** জনাব শুকুর এপ্রিল ১, ২০১৯ তারিখে তার আইন পেশার অফিস চালু করেন। প্রথম মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

২০১৯

এপ্রিল ১ ব্যবসায়ে ৫০,০০০ টাকা বিনিয়োগ করা হলো।
" ৭ ধারে অফিস যন্ত্রপাতি ক্রয় করা হলো ২৫,০০০ টাকা।
" ১০ মক্কেলদের নগদে আইনি সেবা দেওয়া হলো ৬,০০০ টাকা।
" ১৫ অফিস কর্মচারীদের বেতন প্রদান করা হলো ২,০০০ টাকা।
" ২০ ব্যাংক থেকে ঋণ নেওয়া হলো ২০,০০০ টাকা।
" ৩০ বাকিতে ক্রীত যন্ত্রপাতির মূল্য পরিশোধ ১০,০০০ টাকা।

ক. নিট পাওনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপরোক্ত লেনদেনগুলো হতে প্রমাণ কর যে A = L + E। ৪
গ. উপরোক্ত লেনদেনগুলো হতে হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

**২.▶** মারুফ ট্রেডার্সের ২০১৯ সালের জুলাই মাসের লেনদেনসমূহ ছিল নিম্নরূপ:

২০১৯

জুলাই ১ নগদ ৭০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করলেন।
" ৩ ব্যাংকে ১০,০০০ টাকা জমা দেয়া হলো।
" ৬ বাকিতে ক্রয় ১৭,০০০ টাকা।
" ১০ খান ট্রেডার্সের নিকট নগদে বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৪ মালিক কর্তৃক ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ২,৫০০ টাকা।
" ১৯ পাওনাদারকে পরিশোধ ৯,০০০ টাকা।
" ২৫ চেকে পণ্য বিক্রয় ১৪,০০০ টাকা।
" ৩০ কর্মচারীর বেতন পরিশোধ ৫,০০০ টাকা।

ক. মোট কত টাকার লেনদেনের জন্য ক্রেডিট ভাউচার প্রস্তুত করতে হবে? ২
খ. ৬, ১৪, ১৯ ও ২৫ তারিখের লেনদেনসমূহের সংশ্লিষ্ট পক্ষের হিসাবের শ্রেণি উল্লেখ করো। ৪
গ. বিবরণী ছকে উপরোক্ত ১ হতে ৩০ তারিখের লেনদেনসমূহের হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

**৩.▶** আকলিমা আসবাবপত্র স্টোর এ ২০১৯ সালের জুন মাসে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘঠিত হয়:

২০১৯

জুন ১ নগদ ৭০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ব্যাংক জমা এবং ৭০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করল।
" ১০ ধারে আসবাবপত্র বিক্রয় ২০,০০০ টাকা।
" ২০ চেকে আসবাবপত্র ক্রয় ২৫,০০০ টাকা।
" ২৮ ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা।
" ৩০ বেতন প্রদান ৫,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২
খ. লেনদেনগুলো থেকে হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪
গ. লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবের ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**৪.▶** জনাব রহমান ব্যবসায়ের যাবতীয় লেনদেন দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক হিসাবভুক্ত করেন। ২০১৯ সালের মার্চ মাসে ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ ছিল :

মার্চ ১ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৩ ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা।
" ৪ ৩,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান।
" ৫ ভাড়া বকেয়া ২,৫০০ টাকা।
" ৭ বেতন বকেয়া ৪,০০০ টাকা।
" ১০ ৫,৫০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগের সিদ্ধান্ত নেন।

ক. ব্যবসায়িক লেনদেন নয়, এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট টাকার পরিমাণ নির্ণয় করো। ২
খ. উক্ত লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ছকের সাহায্যে দেখাও। ৪
গ. বিবরণী ছকে লেনদেনগুলোর ওপর হিসাব সমীকরণের প্রভাব দেখাও। ৪

**৫.▶** সুপর্ণা ট্রেডার্সের ২০১৯ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

জানু. ৫ রনীর নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ৯ কমিশন দেয়া হলো ৮০০ টাকা।
" ১২ কর্মচারীদের বেতন প্রদান ৩,০০০ টাকা।
" ১৬ রনীকে প্রদান ৫,০০০ টাকা।
" ২৩ সজলের নিকট পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ৩০ সজলের নিকট হতে প্রাপ্তি ১৩,০০০ টাকা।

ক. সুপর্ণা ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয় কত? ২
খ. সুপর্ণা ট্রেডার্সের দেনাদার ও পাওনাদারের মধ্যে পার্থক্যের পরিমাণ কত? ৪
গ. ৫-১৬ পর্যন্ত লেনদেনগুলোর হিসাবের শ্রেণি দেখাও। ৪

**৬.▶** জনাব সালেহীন ২০১৯ সালের ১ মার্চ তারিখে নিজ সঞ্চয়কৃত নগদ ৮০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকার ব্যক্তিগত ঋণ নিয়ে ব্যবসা শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

২০১৯

মার্চ ২ প্রিমিয়ার ব্যাংকে হিসাব খোলা হলো ৫০,০০০ টাকা।
" ৪ সালমানের কাছে থেকে পণ্য ক্রয় করা হলো ১৫,০০০ টাকা।
" ৮ চেকে ঋণ পরিশোধ করা হলো ৩০,০০০ টাকা।
" ১৬ আরমানের কাছে চেকে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ২০ সালমানকে পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
" ২৭ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর করা হলো ১,৫০০ টাকা।
" ৩১ ধারে ক্রয় করা হলো ১০,০০০ টাকা

ক. সমাপনী ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মার্চ ০১, ১৬, ২০ ও ২৭ তারিখের লেনদেনগুলোর সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিভাগ করো। ৪
গ. মার্চ ০২, ০৪, ০৮ ও ৩১ তারিখের লেনদেনগুলো ছকের মাধ্যমে হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

**৭.▶** মাঈনুল একজন মুদি ব্যবসায়ী। ২০১৯ সালে জুলাই মাসে নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়।

২০১৯

জুলাই ১ 'জাহেদ এন্ড সন্স' এর নিকট বিক্রয় প্রতিটি ৩৫০ টাকা দরে ৩ ডজন হরলিক্স। প্রতি কৌটা ২২৫০ টাকা ১০ কৌটা গুড়োদুধ।
" ৫ কর্মচারীদের বেতন প্রদান ৫,০০০ টাকা।
" ১০ চেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১২ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১,০০০ টাকা।
" ২৫ আয়কর প্রদান ১,৫০০ টাকা।

ক. মাঈনুলের উত্তোলনের পরিমাণ কত? ২
খ. জুলাই-১ তারিখের লেনদেন অবলম্বনে একটি প্রমাণ পত্র তৈরি করো। ৪
গ. ৫ জুলাই থেকে ২৫ জুলাই পর্যন্ত লেনদেনগুলোর হিসাবের শ্রেণিবিভাগ করো। ৪

**৮.▶** মি: বিল গেটস ২০১৯ সারের ১ মে নগদ ৫,০০,০০০ টাকা; ৫০,০০০ টাকার ব্যাংক ব্যালেন্স এবং ২৫,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো নিম্নরূপ :

মে ৫ জনাব বাফেট এর নিকট পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ৯ কুঋণ লেখা হলো ২,৫০০ টাকা।
" ১২ সায়নকে পরিশোধ ১২,০০০ টাকা।
" ১৪ বাট্টা প্রদান ৩০০ টাকা।
" ১৮ ব্যাংক হতে উত্তোলন ৩,৮০০ টাকা।
" ২০ কমিশন প্রাপ্তি ২,২০০ টাকা।
" ২৯ জীবন বিমার প্রিমিয়াম প্রদান ১,৩০০ টাকা।

ক. মি: বিল গেটস এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. মি: বিল গেটস এর ১, ১৪, ১৮, ২৯ তারিখের লেনদেনগুলোর সাথে জড়িত সংশ্লিষ্ট হিসাবের শ্রেণিবিভাগ করো। ৪
গ. মি: বিল গেটস এর ৫, ৯, ১২, ২৯ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪

**৯.▶** জনাব জাফর তার ব্যবসায়ে যাবতীয় লেনদেন সঠিক পদ্ধতিতে লিপিবদ্ধ করেন। ২০১৯ সালের জানুয়ারী মাসে তার ব্যবসায়ের ঘটনাসমূহ নিম্নরূপ :

জানু: ১ ব্যবসায়ে মূলধন সরবরাহ করেন ৭০,০০০ টাকা।
" ৩ পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করেন ১০,০০০ টাকা।
" ৫ মালিকের জন্য চেক কাটা হলো ৫,০০০ টাকা।
" ১০ দোকান ভাড়া বকেয়া ৪,০০০ টাকা।
" ১২ মাসিক ২০,০০০ টাকা বেতনে দুই জন বিক্রয় কর্মী নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
" ২০ বিনিয়োগের সুদ প্রাপ্তি ৪,০০০ টাকা।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করো। ২
খ. লেনদেগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ নির্ণয় করো। ৪
গ. লেনদেনগুলোর দ্বারা হিসাব সমীকরণের প্রভাব বিবরণী ছকে উপস্থাপন করো। ৪

**১০.▶** অনিকের ব্যবসায়ের কতিপয় লেনদেন নিম্নে প্রদত্ত হলো—
১. নগদ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
২. ক্রেডিট কার্ডের মাধ্যমে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
৩. ডেবিট কার্ডের মাধ্যমে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
৪. ট্রেড লাইসেন্সের নবায়ন ফি প্রদান ৩,০০০ টাকা।
৫. নতুন পণ্যের ট্রেডমার্ক ক্রয় করেন ২০,০০০ টাকা।
৬. সুনাম বাবদ নগদ প্রদান করেন ১০,০০০ টাকা।
৭. ঐশির নিকট পণ্য বিক্রয় করেন ১৬,০০০ টাকা।
৮. ফ্রানসাইজিং স্বত্ব ক্রয় করেন ১৮,০০০ টাকা।

ক. অনিকের ব্যবসায়ে ধারে লেনদেনের পরিমাণ কত? ২
খ. অস্পর্শনীয় সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর হিসাবের শ্রেণিবিভাগ করো। ৪

**১১.▶** জনাব রহমত একজন ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৯ সালের মে মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়েছে :

২০১৯
মে ১ ঋণ গ্রহণ ১৫,০০০ টাকা।
" ২ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
" ৫ নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
" ১০ কর্মচারীকে বেতন প্রদান ৫,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে সম্পদ বৃদ্ধির পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. উক্ত লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যাসহ ছকের মাধ্যমে দেখাও। ৪

## মডেল প্রশ্নপত্রের উত্তরমালা

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

### সৃজনশীল রচনামূলক প্রশ্ন

১. **ক.** নিট পাওনাদার ১৫,০০০ টাকা। **খ.** হিসাব সমীকরণ অনুযায়ী মোট সম্পদ ৮৯,০০০ টাকা এবং দায় ও মালিকানা স্বত্ব ৮৯,০০০ টাকা। সুতরাং, A = L + E (প্রমাণিত)।
২. **ক.** মোট ক্রেডিট ভাউচারের টাকার পরিমাণ ৩৯,০০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ১,৪২,৫০০ টাকা।
৩. **ক.** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১,২০,০০০ টাকা।
৪. **ক.** লেনদেন নয় এমন ঘটনার মোট টাকার পরিমাণ ৮,৫০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল ৪৮,০০০ টাকা।
৫. **ক.** সুপর্ণা ট্রেডার্সের মুনাফা জাতীয় ব্যয় ১৮,৮০০ টাকা। **খ.** সুপর্না ট্রেডার্সের দেনাদার ও পাওনাদারের মধ্যে পার্থক্যের পরিমাণ ৭,০০০ টাকা।
৬. **ক.** ব্যাংক উদ্বৃত্ত ৬১,৫০০ টাকা। **গ.** হিসাব সমীকরণের যোগফল (৩০,০০০) টাকা।
৭. **ক.** উত্তোলনের পরিমাণ ২,৫০০ টাকা।
৮. **ক.** প্রারম্ভিক মূলধন ৫,৭৫,০০০ টাকা।
৯. **গ.** হিসাব সমীকরণের যোগফল ৬৯,০০০ টাকা।
১০. **ক.** ধারে লেনদেন ১৬,০০০ টাকা। **খ.** মোট অস্পর্শনীয় সম্পদ ৪৮,০০০ টাকা।
১১. **ক.** সম্পদ বৃদ্ধির পরিমাণ ৩৫,০০০ টাকা।